

চীনে পর্যটকবাহী নৌকাডুবিতে নিহত ১০, আহত অন্তত ৭০

- A Monitor Desk Report

Date: 05 May, 2025



চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় গুইঝৌ প্রদেশে পর্যটকবাহী চারটি নৌকা ডুবে যাওয়ার ঘটনায় অন্তত ১০ জনের মৃত্যু এবং ৭০ জনের বেশি আহত হয়েছেন। হঠাৎ প্রবল বাতাস ও প্রতিকূল আবহাওয়ার কারণেই এই দুর্ঘটনা ঘটে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

চীনের রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থা সিনহুয়ার বরাত দিয়ে বিবিসি জানিয়েছে, রোববার গুইঝৌ প্রদেশের কিয়ানজি শহরের একটি নদীতে হঠাৎ প্রবল ঝড়ো হাওয়ার কবলে পড়ে নৌকাগুলো ডুবে যায়। এতে অন্তত ৮৪ জন যাত্রী পানিতে পড়ে যান।

দুর্ঘটনার পরপরই ৯ জনের মরদেহ উদ্ধার করা হয়, এবং সোমবার সকালে আরও একজনের মরদেহ উদ্ধার হয়। জীবিত উদ্ধার হওয়া ৭৪ জনকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রাকৃতিক সৌন্দর্যের জন্য গুইঝৌ দীর্ঘদিন ধরেই পর্যটকদের জন্য আকর্ষণীয় গন্তব্য। বর্তমানে চীনে পাঁচ দিনের জাতীয় ছুটি চলমান থাকায় অনেকেই ভ্রমণে বেরিয়েছিলেন।

চীনের আবহাওয়া প্রশাসন জানায়, রোববার সকালে গুইঝৌসহ দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ভারি বৃষ্টিপাত এবং ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করা হয়েছিল।

ঘটনার পর দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং দুর্ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে প্রাদেশিক কর্তৃপক্ষকে উদ্ধার ও সহায়তা কার্যক্রমে 'সম্ভাব্য সবকিছু' করার নির্দেশ দিয়েছেন। উদ্ধার তৎপরতায় প্রায় ৫০০ জন উদ্ধারকর্মী মোতায়েন করা হয়েছে।

